

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৫৬/১৭

সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/এরিয়া অফিস/কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয়ঃ চাল আমদানির ক্ষেত্রে এলসি মার্জিন নির্ধারণ প্রসংগে।


জনাব,


শিরোনামীয় বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০ এর বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ তারিখ : ১৯ জুন, ২০১৭/০৫ আষাঢ়, ১৪২৪ এবং অত্র ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৫১/১৭ তারিখঃ ২০/০৬/২০১৭ইং / ০৬ আষাঢ় ১৪২৪ বাং এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের ০৩ ও ০৪ নং ক্রমিকে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭ তারিখ : ২১ জুন, ২০১৭/০৭ আষাঢ়, ১৪২৪ এর বর্ণিত অংশটি প্রতিস্থাপিত হবে (কপি সংযুক্ত) :

"০৩। তাছাড়া, ধান, চাল ব্যবসায়ী ও চাতাল/মিল মালিকদের ঋণের পরিশোধ সময়সীমা পুনঃনির্ধারণ সংক্রান্ত ১৪ ফেব্রুয়ারী, ২০১১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩ এর নির্দেশনা অনুযায়ী Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি ঋণের ক্ষেত্রে স্থানীয় মিল মালিকগণসহ সকল ধান/চাল ব্যবসায়ীদের গৃহীত অগ্রীম/ঋণ সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করার বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সাময়িক ব্যবস্থা হিসেবে এক্রপ অগ্রীম/ঋণ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করতে হবে।

০৪। ক্রমিক নং ০২ ও ০৩ এর নির্দেশনা ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত বহাল থাকবে এবং উক্ত তারিখের পর এতদপূর্ববর্তী সার্কুলার দুটির (বিআরপিডি সার্কুলার নং-২৩ তারিখঃ ০২ ডিসেম্বর, ২০০৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩ তারিখঃ ১৪ ফেব্রুয়ারী, ২০১১) নির্দেশনা অনুসরণীয় হবে।"

উল্লেখ্য যে, ৫% এর কম হতে ০% (শূন্য) মার্জিনে এলসি খোলার অনুমোদন মাননীয় সিইও এন্ড এমডি মহোদয়ের উপর ন্যস্ত রয়েছে (ঋণ মঞ্জুরি ক্ষমতা বিধি- ৮ম সংস্করণ)।


(আবুল কালাম আজাদ)
সহকারী মহাব্যবস্থাপক


মাসফিউল বারী
উপ মহাব্যবস্থাপক

অনুলিপি :-

- ১। কোম্পানী সেক্রেটারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পি এস টু সিইও এন্ড এমডি/ উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পি এ টু সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা; লোকাল অফিস, ঢাকা; জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা; বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর/ঢাকা-দক্ষিণ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/কুমিল্লা/ফরিদপুর।
- ৪। নথি।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,


চাল আমদানির ক্ষেত্রে এলসি মার্জিন নির্ধারণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুন, ২০১৭ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার লেটার এর ০৩ ও ০৪ নং ক্রমিকে বর্ণিত অংশটি নিম্নরূপে প্রতিস্থাপিত হবে :

'০৩। তাছাড়া, ধান, চাল ব্যবসায়ী ও চাতাল/মিল মালিকদের ঋণের পরিশোধ সময়সীমা পুনঃনির্ধারণ সংক্রান্ত ১৪ ফেব্রুয়ারি, ২০১১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩ এর নির্দেশনা অনুযায়ী Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি ঋণের ক্ষেত্রে স্থানীয় মিল মালিকগণসহ সকল ধান/চাল ব্যবসায়ীদের গৃহীত অগ্রীম/ঋণ সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করার বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেপে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সাময়িক ব্যবস্থা হিসেবে এরূপ অগ্রীম/ঋণ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করতে হবে।

০৪। ক্রমিক নং ০২ ও ০৩ এর নির্দেশনা ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত বহাল থাকবে এবং উক্ত তারিখের পর এতদপূর্ববর্তী সার্কুলার দু'টির (বিআরপিডি সার্কুলার নং-২৩ তারিখঃ ০২ ডিসেম্বর, ২০০৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩ তারিখঃ ১৪ ফেব্রুয়ারি, ২০১১) নির্দেশনা অনুসরণীয় হবে।'

আপনাদের বিশ্বস্ত,



(সাইফুল ইসলাম)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোন: ৯৫৩০১৫৫